বাগেরহাটে সিটি ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এর মতবিনিময় সভা

বাগেরহাটে সিটি ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার দুপুরে বাগেরহাট নিউ বসুন্ধরা সুপার মার্কেটে এজেন্ট ব্যাংকিং শাখায় এই মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, সিটি বাংকের রিজিওনাল হেড (খুলনা ও বরিশাল) মোঃ সাখাওয়াত হোসেন।

সিটি বাংকের এজেন্ট ব্যাংকিং এর বাগেরহাট শাখার স্বত্ত্বাধীকারী মোঃ আবু বক্কর সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বাগেরহাট সদর উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইচ চেয়ারম্যান ও জাতীয় মহিলা পরিষদের সাধারণ সম্পাদিকা এ্যাড. পারভীন আহম্মেদ, বাগেরহাট পৌরসভার প্যানেল মেয়র শাহনেওয়াজ মোল্লা দোলন, ব্যবসায়ী এ্যাড. হিরোক মিনা, হাসানুজ্জামান, মো: রফিকুল ইসলাম সোহেল, বাগেরহাট প্রেস ক্লাবের নির্বাহী সদস্য এস এম সামছুর রহমান, সিটি বাংকের এজেন্ট ব্যাংকিং বিভাগের এস এম শাহনেওয়ার জমি, বাগেরহাট শাখার কর্মকর্তা নুরুন্নেছা ইতি, শান্তা ইসলাম, পাপড়ি রায়, আশিকুল ইসলাম।

বক্তারা বলেন, দি সিটি ব্যাংক লিমিটেড ২৭ মার্চ ১৯৮৩ সাল থেকে বেসরকারি ব্যাংক হিসেবে কার্যক্রম চালিয়ে আসছে। দেশে বিভিন্ন জেলায় দি সিটি ব্যাংক লিমিটেড’র শাখা রয়েছে। সম্প্রতি সিটি ব্যাংক এজেন্ট ব্যাংকিং কার্যক্রম চালু করে সারাদেশের উপজেলা পর্যায়ে সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে কাজ করছে। তারই ধারাবাহিকতায় বাগেরহাটে কার্যক্রম শুরু করে। ইতিমধ্যে এই আউটলেটটি খুলনা ও বরিশালের মধ্যে অন্যতম আউটলেট হিসেবে অবস্থান নিশ্চিত করেছে। সকলের সহযোগীতায় এই ধারাবাহিকতা অব্যহত থাকবে বলে আশা করেন বক্তারা।